**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ মহাসপ্তমী । রাজ্য জুড়ে উৎসবের আবহ | সন্ধ্যার পর থেকে রাজধানী আগরতলা সহ রাজ্যের সর্বত্র মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের উপচে পড়া ভিড় পরিলক্ষিত হচ্ছে ।**

**(২) রাজ্যে এবছর বিভিন্ন ক্লাব, সংস্থা সহ সব মিলিয়ে ২,৯৬৫টি দুর্গাপূজার আয়োজন করা হয়েছে |**

**(৩) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা জানিয়েছেন, সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানে সারা দেশে ৯ লক্ষাধিক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে ।**

**(৪) আগামীকাল থেকে দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।**

*********************************************

**Durga Puja :**

আজ মহাসপ্তমী। সকাল থেকেই মন্ডপে মন্ডপে পুরোহিতদের মন্ত্র উচ্চারণ ও ঢাকঢোলের আওয়াজে মুখরিত হয়ে ওঠে। মহাসপ্তমী তিথিতে রাজ্যে বিরাজ করছে উৎসবের আবহ। সন্ধ্যার পর থেকে রাজধানী আগরতলা সহ রাজ্যের সর্বত্র মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের উপচে পড়া ভিড় পরিলক্ষিত হচ্ছে। রাজধানী আগরতলার পূজা দেখতে ট্রেনে করেও অন্যান্য জেলার দর্শনার্থীরা আগরতলায় আসছেন। আগরতলার দুর্গাবাড়ি, প্রভূবাড়ি সহ ধলেশ্বরের রামকৃষ্ণ মিশনেও চিরাচরিত প্রথায় দূর্গাপূজার আয়োজন করা

হয়েছে। প্রভূ বাড়িতে রাজ আমল থেকে বৈষ্ণব মতানুসারে দেবী দুর্গার পুজো হয় ঘরের মেয়ে হিসেবে।

########Sound Byte #######

****************************

**Durga Puja- Security :**

রাজ্য পুলিশ সুত্রে জানা গেছে, রাজ্যে এবছর বিভিন্ন ক্লাব, সংস্থা সহ সব মিলিয়ে ২,৯৬৫টি দুর্গাপূজা হচ্ছে। শারদ উৎসবে নিরাপত্তা রক্ষায় প্রায় আট হাজার নিরাপত্তারক্ষী মোতায়েন করা হয়েছে। এরমধ্যে মহিলা পুলিশ কর্মী রয়েছে ৪০০ জন। সারা রাজ্যেই পুলিশ পিকেট, পেট্রোলিং-এর ব্যবস্থা করা হয়েছে। পুলিশের অ্যাসিস্টেন্স বুথ রয়েছে ২৪০টি। তাছাড়াও ওয়ারল্যাস নেটওয়ার্ক, স্নিফার ডগ, বোম্ব স্কোয়াড, ওয়াচ টাওয়ার, সাদা পোষাকে পুলিশি নিরাপত্তারও ব্যবস্থা করা হয়েছে। শব্দ দূষণ রোধেও নজরদারি শুরু হয়েছে। প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। যেকোন জরুরী প্রয়োজনে ১১২ এই নম্বরে ফোন করলে পুলিশি সহায়তা করা হবে। রাজ্যের রেল স্টেশনগুলিতে এবং যাত্রীদের নিরাপত্তায় পর্যাপ্ত নিরাপত্তা রক্ষী মোতায়েন করা হয়েছে। ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায়ও বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে। আজ মহাসপ্তমী থেকে দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত চারদিন আগরতলা শহরে বিকাল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত যানবাহণ নিয়ন্ত্রণে নো-এন্ট্রি বলবৎ করা হয়েছে। উল্লেখ্য, এবছর পশ্চিম ত্রিপুরা জেলায় ৭৭২টি দুর্গাপূজার আয়োজন করা হয়েছে।

****************************

**Durga Puja-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ খুমুলুঙ, টাকারজলা, গোলাঘাটিতে বেশ কয়েকটি পুজোমন্ডপ পরিদর্শন করেন। জম্পুইজলায় টিএসআরের সপ্তম ব্যাটেলিয়ানে পূজা মন্ডপও তিনি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, আইজি কৃষ্ণেন্দু চক্রবর্তী প্রমুখ।

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ তেলিয়ামুড়ার উত্তর মহারানীপুর জনজাতি অধ্যুষিত এলাকায় বেশ কয়েকটি দুর্গাপুজা মন্ডপের উদ্বোধন করেন।

****************************

**Durga Puja–Unakoti :**

শারদীয়া দুর্গোৎসব উপলক্ষ্যে ধনী–দরিদ্র, বয়স নির্বিশেষে আনন্দে মাতোয়ারা ঊনকোটি জেলা। জেলার অন্তর্গত কৈলাশহর ও কুমারঘাট মহকুমায় এবছর সর্বমোট ২২০টি পূজা মন্ডপ রয়েছে। রয়েছে বেশ কিছু বাড়িঘরের পূজাও। সার্বজনীন মন্ডপগুলি নানা থিমে সাজানো হয়েছে। প্রতিমাতেও রয়েছে বৈচিত্র্যতার ছোঁয়া। পূজা উপলক্ষ্যে সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সন্ধ্যার পর থেকেই পুজো মন্ডপগুলিতে দর্শনার্থীদের ভিড় বাড়ছে। পূজা উপলক্ষ্যে শান্তি ও সুস্থিতি বজায় রাখতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ প্রশাসন। জেলার অতিরিক্ত পুলিশ সুপার রূপম চাকমা জানান, জেলায় ওয়াচ টাওয়ার রয়েছে ১৬টি। তাছাড়া ২৪টি স্থানে ক্লোজ সার্কিট টিভির মাধ্যমে নিবিড় পর্যবেক্ষণ করা হচ্ছে। পুলিশ সহায়তা কেন্দ্র রয়েছে ২৮টি।

**************************

**Durga Puja–Gomoti :**

মন্দির নগরী উদয়পুরে বিভিন্ন ক্লাব ও পুজো সংস্থার শারদোত্সবের আয়োজনের পাশাপাশি এবারও রয়েছে কিছু প্রাচীন প্রথাগত পুজো। অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়ের বাড়িতে এবছর ১৪২তম দুর্গোৎসবের আয়োজন করা হয়েছে।

এদিকে, গোমতি জেলার দক্ষিণ বাগমা এলাকার মজুমদার পারিবারের ৯৯তম দূর্গা পূজার আয়োজন করেছে।

বাংলাদেশের কুমিল্লা জেলার শ্রী পুর ইউনিয়ন উপ জেলার চোদ্দ গ্রামে ১৯২৬ সালে তৎকালীন জমিদার পরিবারের সদস্য অশ্বিনী কুমার মজুমদার এই পূজার সূচনা করেন।

এদিকে শীতলাবাড়ি উন্নয়ন কমিটির উদ্যোগে আয়োজিত এবছরের পূজা মণ্ডপ উদ্বোধন করেন বৃদ্ধা আশ্রমের বয়স্ক মহিলারা।

*************************

**Swasth Naari Sashakt Paribar :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ জানান, সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানে সারা দেশে ৯ লক্ষাধিক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। নয়াদিল্লিতে এক স্বাস্থ্য সম্মেলনে তিনি বলেন, এই অভিযানের মাধ্যমে ইতিমধ্যে ৩ কোটি ৬০ লক্ষের বেশি মানুষের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে এবং দোসরা অক্টোবরের মধ্যে এই সংখ্যা ৪ কোটি ছাড়িয়ে যাবে বলে আশা প্রকাশ করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে দীনদয়াল উপাধ্যায় মার্গে বিজেপির কার্যালয়ের উদ্বোধন করেন। বিজেপি সভাপতি জে পি নাড্ডা এই কার্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে বিজেপির প্রত্যেক কার্যকর্তাকে নিষ্ঠা সহকারে কাজ করার আহ্বান জানান। তিনি দুর্নীতি রুখতে এন.ডি.এ সরকারের কঠোর পদক্ষেপের কথাও উল্লেখ করেন।

######Byte-PM######

*****************************

**Voice Over-Seva Parv-PM Gatishakti :**

জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তর ও অগ্রগতির লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার প্রধানমন্ত্রী গতিশক্তি জাতীয় মাস্টার প্ল্যানের মাধ্যমে অবকাঠামো উন্নয়নে বিপ্লব এনেছে। একটি প্রতিবেদন।

#######VC######

******************************

**Record on milk production :**

গত দশ বছরে ভারতে দুধ উৎপাদন ৬৩ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। এরফলে উৎপাদন বেড়ে দাঁড়িয়েছে ১৪৬ মিলিয়ন টন থেকে ২৩৯ মিলিয়ন টনেরও বেশি। বিশ্ব দুধ উৎপাদনে ভারত এখনও প্রথম স্থান অধিকার করে আছে এবং বিশ্বের সরবরাহের প্রায় এক-চতুর্থাংশ অবদান রাখে। মৎস্য, পশুপালন ও দুগ্ধ মন্ত্রক থেকে এতথ্য জানানো হয়েছে।

******************************

**India, Bhutan-Rail Links :**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বলেন, প্রতিবেশী দেশ ভুটানের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি করতে বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে ভারতীয় রেল। ভারত ও ভুটানের মধ্যে রেল সংযোগ প্রকল্প সম্পর্কে রেলমন্ত্রী বলেন, এই প্রকল্পটি মূলত ভুটানের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শহর গেলফু ও সামতসে'কে সংযুক্ত করছে। কোকরাঝাড় এবং বানারহাটে ভারতীয় রেলওয়ের নেটওয়ার্ক থেকে দুটি প্রকল্প চালু হবে। রেলপথের দৈর্ঘ্য হবে প্রায় ৯০ কিলোমিটার। এরজন্য ব্যয় হবে প্রায় ৪০৩৩ কোটি টাকা। এই প্রকল্পের মাধ্যমে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি উপকৃত হবে বলে রেলমন্ত্রী শ্রী বৈষ্ণো উল্লেখ করেন।

######Byte-Ashwini Vaishnaw######

*********************************

**Weather :**

আগামীকাল থেকে দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************